তারিখ ... 15 AUG 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

দৈনিক বাংলা

97

# শিক্ষা সংগ্রাম কমিটিঃ ১৭ আগস্ট হলে ওঠা অভিযান

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

নির্দিষ্ট সময়সীমার মধ্যে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণা না করায় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি আগামী ১৭ই আগস্ট হলে ওঠা অভিযানের কর্মসূচী ঘোষণা করেছে। ঐদিন ছাত্ররা মিছিল করে গিয়ে বিভিন্ন হল খুলে দেবে।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের অফিসের সামনে এক ছাত্র সমাবেশে শিক্ষা সংগ্রাম

(শেষ পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## শিক্ষা সংগ্রাম কমিটি

(প্রথম পৃষ্ঠার পর)

কমিটির নেতৃবৃন্দ এই কর্মসূচী ঘোষণা করেন।

এর আগে ছাত্ররা একটি বিরাট বিক্ষোভ মিছিল নিয়ে সকাল এগারটায় ভাইস চ্যান্সেলরের অফিসের সামনে আসে এবং বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণার দাবীতে অবস্থান ধর্মঘট শুরু করে। শিক্ষা সংগ্রাম কমিটি অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে ভাইস চ্যান্সেলরের কাছে একটি স্মারকলিপিও পেশ করে।

অবস্থান ধর্মঘটের এক পর্যায়ে ভাইস চ্যান্সেলর তার অফিস থেকে বেরিয়ে আসেন ছাত্রদের উদ্দেশে কিছু বলার জন্য। ছাত্ররা এসময় ভাইস চ্যান্সেলরকে আধ ঘন্টা ধরে ঘেরাও করে রাখে এবং বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণার জন্য চাপ দেয়। ভাইস চ্যান্সেলর বলেন, একাডেমিক কাউন্সিল, শিক্ষক সমিতি, অভিভাবক সমিতি ও অন্যান্য মহলের সঙ্গে আলোচনা ছাড়া তিনি বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণা করতে পারবেন না। ছাত্ররা এর পাল্টা যুক্তি দেখিয়ে বলে, বিশ্ববিদ্যালয় খুলে দিয়েও এ আলোচনা করা সম্ভব। এক বছর পর বিশ্ববিদ্যালয় খুললেও যখন সন্ত্রাস বন্ধের কোন গ্যারান্টি নেই তখন বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার কোন যৌক্তিকতা নেই। এসময় ভাইস চ্যান্সেলর ও ছাত্রদের মধ্যে তীব্র বাদানুবাদ চলতে থাকে। ছাত্রদের চাপের মুখে ভাইস চ্যান্সেলরকে কিছুটা অসহায় দেখাচ্ছিল।